# তেরখাদা উপজেলা পরিষদের জুলাই-২৫ মাসে অনুষ্ঠিত মসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জান্নাতুল আফরোজ স্বর্ণা
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় ঃ ২৯-০৭-২০২৫ খ্রিঃ, বেলাঃ ১২.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে উপজেলা পরিষদের প্রশাসক ও নির্বাহী অফিসার মহোদয় সভায় উপস্থিত উপজেলা প্রশাসনের সকল দপ্তর প্রধানকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ও ইউ,পি চেয়ারম্যানদের জনসেবা অব্যহত রাখার জন্য অনুরোধ জানান। অতপর উপজেলা নির্বাহী অফিসার এ সভার কার্যক্রম পরিচালনা করেন এবং নির্ধারিত বিষয়ে আলোচনা করার জন্য সকল সম্মানিত সদস্যকে আহবান জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ করা হয়।
সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | সভা ও স্থায়ী কমিটি | উপজেলা পরিষদের প্রশাসক মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে। কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। তিনি প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | (ক) সভায় উপজেলা প্রকৌশলী মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, উপজেলা পরিষদের ২৯/০৬/২০২৫খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের মেইন গেটের সংশোধিত প্রাক্কলন প্রস্তত করা হয়েছে। প্রাক্কলিত মূল্য ২২,৬৭,১৬৯.৩৮ টাকা যাহা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ ৮(৪) অনুযায়ি ১০ নভেম্বর ২০১৪ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১০৬৮ নং স্মারক মোতাবেক সংশোধিত প্রাক্কলিত মূল্য পূর্বের মূল্য অপেক্ষা ১০% অধিক না হওয়ায় উক্ত ঠিকাদারের অনুকূলে সংশোধিত প্রাক্কলন অনুমোদন করা যেতে পারে। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | (ক)উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্পের সংশোধিত প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং সংশোধিত প্রাক্কলন মোতবেক সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল পরিশোধের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | (খ) সভায় উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণ করত বলেন, উপজেলা পরিষদের গত ২৬/০৯/২০২২ খ্রিঃ তারিখের অকেজো ঘোষণা এবং ২৯/০৬/২০২৫ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক তেরখাদা উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত নিম্নবর্ণিত আবাসিক ভবন সমূহ অত্যান্ত জরাজীর্ণ ও বসবাসের অনুপযোগী এবং ঝুঁকিপূর্ণ হওয়ায় ভবনসমূহ নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | (খ) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ভবনসমূহ নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন জেলা কনডেমেশন কমিটির সভায় অনুমোদনের জন্য জেলা প্রশাসক খুলনা মহোদয় বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| ক্রঃ নং | ভবনের নাম | অপসারণ মূল্য | স্যালভেজ মূল্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্টাফ কোয়ার্টার মেঘনা ভবন | ৩,১৭,৫৯৭/- | ৩,৭৪,৮৭৮/- |
| ০২ | উপজেলা স্টাফ কোয়ার্টার যমুনা ভবন | ৩২৪,৪৩৫/- | ৩,৮১,৩৩৯/- |
| ০৩ | উপজেলা স্টাফ কোয়ার্টার রুপসা ভবন | ৩,২১,৪৮৬/- | ৪,২৮,০০২/- |
| ০৪ | উপজেলা স্টাফ কোয়ার্টার সৈকত ভবন | ৪,০০,২৮৮/- | ৪,৯১,৭৪৪/- |
| ০৫ | উপজেলা স্টাফ কোয়ার্টার কপোতাক্ষ ভবন | ৩,১৬,২৫৭/- | ৪,১৮,৮২৫/- |
| ০৬ | উপজেলা স্টাফ কোয়ার্টার ভৈরব ভবন | ৩,২২,৬৫৮/- | ৪,২৯,৪০২/- |
| ০৭ | উপজেলা ডরমেটরি ভবন | ৩,৩৯,৮৭৮/- | ৩,৬৫,৮৬৪/- |
| | মোট = | ২৩,৪২,৫৯৯/- | ২৮,৯০,০৫৪/- |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (গ) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন উপজেলা পরিষদের সৌন্দর্য বর্ধনের জন্য কমপ্লেক্স ভবনের সামনে স্ট্রিট লাইট ও পার্কিং টাইলস স্থাপন ও উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে গত ২৯/০৬/২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য সীমানা প্রাচীর এবং উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সামনে সৌন্দর্য বর্ধনের জন্য স্ট্রিট লাইট ও পার্কিং টাইলস স্থাপনের অনুরোধ জানানো হয়। তিনি সভায় উপজেলা পরিষদের সীমান প্রাচীর নির্মাণের জন্য ৬১,২৯,৩৬৩/- টাকার প্রাক্কলন উপস্থাপন করেন এবং সৌন্দর্য বর্ধনে স্ট্রিট লাইট ও পার্কিং টাইলস স্থাপনের জন্য ১৫,৬২,৮১০/- টাকার প্রাক্কলন সভায় উপস্থান করেন এবং সভায় সিদ্ধন্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | (গ) সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সামনে স্ট্রিট লাইট ও পার্কিং টাইলস করণ ও উপজেলা পরিষদের সীমানা প্রাচীর প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৩ | মৎস্য ও প্রানি সম্পদ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, দেশিয় প্রজাতির মৎস্য সংরক্ষনে আমাদের সকলকে সচেতন থাকতে হবে। মুক্ত জলাশয়ে কারেন্ট জাল, চায়না জাল, সর্ট লাইট ব্যবহার বন্ধে প্রচারনার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য এ সভায় অনুরোধ জানান। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | কৃষি ও সেচ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় উপস্থি সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য মাটির জৈব ক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন। মাটির জৈব ক্ষমতা বৃদ্ধির সবুজ সার হিসাবে ধৈনচা চাষের গুরুত্বারোপ করে এবং রাসায়নিক সার ও জৈব সার ব্যবহারে কৃষকদের সচেতনা বৃদ্ধির জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ জানান। তিনি চলতি আউস মৌসুমে, ছাগলাদাহ ও মধুপুর ইউনিয়নে স্লুইস গেট দিয়ে বিলে লবনপানি প্রবেশে কৃষকদের ক্ষতি এড়াতে পানিউন্নয়ন বোর্ড ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যনদের সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে সকল ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধিদের সহযোগীতা করার জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

<u>আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)</u> ঃ উপজেলা পরিষদের সম্মানিত প্রশাসক মহোদয় বলেন, জুন-২৫ মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানো হয়েছে যা এ সভায় অনুমোদনের প্রয়োজন।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১. | দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর মে-২৫ মাসের মজুরি প্রদান | ১১,০০০/- |
| ২. | দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর মে-২৫ মাসের মজুরি প্রদান | ১৪,৩০০/- |
| ৩. | উপজেলা পরিষদের মে-২৫ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ৪. | উপজেলা পরিষদের মে-২৫ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের ছাদে টাইলস স্থাপন কাজের চূড়ান্ত বিল প্রদান | ১,৭১,০০০/- |
| ৬. | উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের ছাদে টাইলস স্থাপন কাজের ৭% আয়কর | ১৪,০০০/- |
| ৭. | উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের ছাদে টাইলস স্থাপন কাজের ৭.৫% ভ্যাট প্রদান | ১৫,০০০/- |
| ৮. | উপজেলা পরিষদের মেইন মিটার, চেয়ারম্যানের কার্যালয়, পানির পাম্প মিটারের জুন-২৪ হতে মে-২৫ পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল প্রদান | ৩,৬১,০৬৩/- |
| ৯. | উপজেলা পরিষদের জীপগাড়ির এপ্রিল-মে/২৫ মাসের জ্বালানী ব্যয় বিল প্রদান | ৪৭,৮৩৮/- |
| ১০. | ১৪৩১ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞাপন বিলের ১৫% ভ্যাট প্রদান | ১০,২৭২/- |
| ১১. | ১৪৩১ সনের হাট-বাজার ইজারা বকেয়া বিজ্ঞাপন বিল প্রদান | ৬৮,৪৮০/- |
| ১২. | ১৪৩২ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞাপন বিল প্রদান | ৩১,৮৭২/- |
| ১৩. | ১৪৩২ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞাপন বিলের ১৫% ভ্যাট প্রদান | ৪,৭৮০/- |
| ১৪. | ১৪৩২ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞাপন বিল প্রদান | ১২,৬৪০/- |
| ১৫. | ১৪৩২ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞাপন বিলের ১৫% ভ্যাট প্রদান | ১,৮৯৬/- |
| ১৬. | ১৪৩২ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞাপন বিল প্রদান | ১৮,০০০/- |
| ১৭. | ১৪৩২ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞাপন বিলের ১৫% ভ্যাট প্রদান | ২,৭০০/- |
| ১৮. | ১৪৩২ সনের হাট-বাজার ইজারা পুনঃ বিজ্ঞাপন বিল প্রদান | ২৬,৫৮০/- |
| ১৯. | ১৪৩২ সনের হাট-বাজার ইজারা পুনঃ বিজ্ঞাপন বিলের ১৫% ভ্যাট প্রদান | ৩,৯৮৭/- |
| ২০. | ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি এর টেন্ডার বিজ্ঞাপন বিল | ৫,৩৫২/- |
| ২১. | ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি এর টেন্ডার বিজ্ঞাপন বিলের ১৫% ভ্যাট প্রদান | ৮০২/- |
| ২২. | ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি এর টেন্ডার বিজ্ঞাপন বিল | ১০,৮০০/- |
| ২৩. | ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি এর টেন্ডার বিজ্ঞাপন বিলের ১৫% ভ্যাট প্রদান | ১,৬২০/- |

সিদ্ধান্ত ঃ সভায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উল্লিখিত ব্যয় সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

সভাপতির বক্তব্যঃ

সভাপতি, সভায় উপস্থিত সকল কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানান। তিনি উপজেলার সার্বিক বিষয়ে পরামর্শ প্রদানের জন্য এবং সকল বিভাগের কর্মকর্তাদের সঠিক সময়ে অফিসে উষ্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। তিনি উন্নয়ন মূলক কাজের সঠিক তদারকির জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তেরখাদা উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে লেখা পড়ার মান যাতে ঠিক থাকে এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন এবং বলেন তেরখাদা উপজেলার উন্নয়নে আমাদের সকলকে নিরলস ভাবে কাজ করার আহবান জানান।

CamScanner

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে একসঙ্গে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৭/২৫

(জান্নাতুল আফরোজ স্বর্ণা)
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নং- উনিঅ/তের/সভা/২০২৫-৪৮২ (৩০) তারিখঃ ৩০/০৭/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ-

১। জেলা প্রশাসক, খুলনা।
২। উপজেলা ..................................................অফিসার, তেরখাদা, খুলনা।
৩। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
৪। অফিস নথি।

৩০/০৭/২৫

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

CamScanner

পরিশিষ্ট-ক

## সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

সভার তারিখ-২৯/০৭/২০২৫ খ্রিঃ সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০২. | চেয়ারম্যান ০২ নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১২. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৬. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা। | |
| ১৮. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৯. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ২০. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২২. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৩. | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ২৮. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | |

পরিশিষ্ট-খ

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

১. চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা।
২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা
৩. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা।
৫. ফরেস্টার, বন বিভাগ, তেরখাদা, খুলনা।
৬. তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প।
৭. ইন্সটেক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা।
৮. স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, তেরখাদা, খুলনা।

CamScanner